

## রংপুর রাধাকৃষ্ণপুর উচ্চ বিদ্যালয় নিয়মিত ক্লাশের দাবিতে শিক্ষার্থীদের সড়ক অবরোধ শিক্ষকদের কক্ষে তালা

জেলা বার্তা পরিবেশক, রংপুর

নিয়মিত ক্লাশ নেয়ার দাবিতে রংপুর নগরীর নজিরেরহাট এলাকায় অবস্থিত রাধাকৃষ্ণপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা গতকাল শনিবার বিদ্যালয়ের সামনে রংপুর পার্বতীপুর বন্দরগঞ্জ সড়ক অবরোধ করে বিডোক্ষ করেছে। তারা প্রদান শিক্ষক সহ শিক্ষকের কক্ষে তালা ঝুলিয়ে দেয় বেলা ১১ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত সড়ক অবরোধ করে শিক্ষার্থীদের সড়ক অবরোধ চলা কালে শত শত গাড়ি আটকা পড়ে। শিক্ষার্থীদের অভিযোগ সরকারী এমপিও ভুক্ত এ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সাথে এক সহকারী শিক্ষকের প্রধান শিক্ষক পদ দখল করা নিয়ে বিরোধকে কেন্দ্র করে শিক্ষকদের মধ্যে এফপিং এর কারনে গত এক মাস ধরে শিক্ষকরা ক্লাশ নিচ্ছেননা। ফলে শিক্ষার্থীরা নিয়মিত বিদ্যালয়ে এসে ফিরে যাচ্ছেন। এ ব্যাপারে শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা অনেকবার প্রদান শিক্ষককে জানানোর পরেও কোন কাজ হয়নি। শিক্ষার্থীদের অভিযোগ শিক্ষকরা তাদের ক্লাশ না নেয়ায় তাদের লেখাপড়া বন্ধ হবার

উপক্রম হয়েছে। ফলে তারা বাধ্য হয়ে আন্দোলনে যেতে বাধ্য হয়েছে। এদিকে শিক্ষার্থীদের সড়ক অবরোধ করে বিক্ষোভ অব্যাহত থাকায় যান চলাচল বন্ধ হয়ে পড়ায় ওই সড়কে চলাচলকারী শত শত যান আটকা পড়ে এতে জনগনের চরম দুর্ভোগ পোহাতে হয়েছে। খবর পেয়ে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। অভিভাবকরা অভিযোগ করেছে বিদ্যালয়টিতে প্রধান শিক্ষকের পদ দখল করা নিয়ে বিদ্যালয়ে বিজ্ঞান বিভাগের শিক্ষক শফিকুল ইসলাম, ইংরেজি বিভাগের শিক্ষক বকুল, গণিতের মর্তুজা ইংরেজির কাজল, কৃষি বিভাগের লেবু, ইতিহাসের লেবু বাংলার প্রতাপ সহ বেশ কয়েকজন শিক্ষক বিদ্যালয়ে আসলেও তারা তাদের কক্ষে বসে থাকে কিন্তু ক্লাশ নেয়না। অন্যদিকে শিক্ষকদের অভিযোগ প্রধান শিক্ষকের পদ নিয়ে জটিলতার কারনে তারা কয়েকমাস ধরে বেতন পাচ্ছেননা। এ ব্যাপারে বিদ্যালয়ের প্রধান শিক্ষক এজাজুল ইসলাম জানান কিছু জটিলতার কারনে ১৫ দিন ধরে ক্লাশ হচ্ছেনা তবে এ সমস্যা মিটে যাবে বলে দাবি করেন তিনি।